02

দৈনিক ইত্তেফাক

তারিখ 17 JAN 1995
পৃষ্ঠা ১ কলাম ২

# সরকারী স্কুলে ভর্তি পরীক্ষা শুরু

ইত্তেফাক রিপোর্ট।। গতকাল বৃহস্পতিবার ঢাকা মহানগরীর সরকারী স্কুলসমূহে ভর্তি পরীক্ষা শুরু হইয়াছে। প্রথম দিনে শেরে বাংলা গভঃ গার্লস হাইস্কুল, গভঃ ল্যাবরেটরী স্কুল, বাংলাবাজার গভঃ গার্লস হাইস্কুল ও মতিঝিল গভঃ গার্লস হাইস্কুলে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়। পরীক্ষা চলাকালে প্রায় প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানে অভিভাবকদের ভিড় পরিলক্ষিত হয়। সন্তান ভর্তি হইতে পারিবে কিনা এই চিন্তায় সকলেই ছিল অস্থির। আগামীকাল শনিবার ধানমন্ডি গভঃ গার্লস হাইস্কুল, মতিঝিল গভঃ বয়েজ হাইস্কুল, শেরে বাংলা গভঃ বয়েজ হাইস্কুল, কলেজিয়েট গভঃ হাইস্কুল, নিউ গভঃ হাইস্কুলে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হইবে।